

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কালিহাতি, টাঙ্গাইল।  
usso.kalihati@dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.৯৩৪৭.০০০.১৬.৮৩.২০২২. ২৪৪

তারিখ: ২৩/০৭/২০২৩ খ্রিঃ।

মেয়র/চেয়ারম্যান

..... পৌরসভা/ইউনিয়ন পরিষদ (সকল)  
কালিহাতি, টাঙ্গাইল।

বিষয়: বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী ও অন্যান্য ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন করা প্রসঙ্গে।

সূত্র: ৪১.০১.০০০০.০৪৯.১৪.০১০.২০.৫৩৮ তারিখ: ২৬/০৬/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল হতে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা ও অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত সকল ভাতাভোগী জীবিত আছেন মর্মে লাইফ ভেরিফিকেশন করার নির্দেশনা রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরের প্রথম কিস্তির (জুলাই-সেপ্টেম্বর) অর্থ সেপ্টেম্বর মাসের প্রথম সপ্তাহে ছাড়করণ করা হবে। উক্ত প্রথম কিস্তির অর্থ ছাড়করণের পূর্বে আগামী ৩১-০৮-২০২৩ খ্রি. তারিখের মধ্যেই আপনার পৌরসভা/ইউনিয়নের সকল ভাতাভোগীর লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করা প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার পৌরসভা/ইউনিয়নের সর্বস্তরের জনগণের মাঝে ব্যাপক প্রচারের মাধ্যমে সকল ভাতাভোগীকে নির্ধারিত স্থানে সশরীরে হাজির হয়ে লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

নির্দেশনা :

- ১। ভাতাভোগী সশরীরে উপস্থিত হবেন।
- ২। ভাতাবহি/জাতীয় পরিচয়পত্র/জন্মানদ এর ফটোকপি সাথে নিয়ে আসবেন।
- ৩। নগদ হিসাব নম্বরে ব্যবহৃত মোবাইল সিমসহ মোবাইল সেট সাথে নিয়ে আসবেন।

(মোঃ জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার  
কালিহাতি, টাঙ্গাইল।

স্মারক নম্বর: ৪১.০১.৯৩৪৭.০০০.১৬.৮৩.২০২২.

তারিখ: ২৩/০৭/২০২৩ খ্রিঃ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিহাতি, টাঙ্গাইল।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, কালিহাতি, টাঙ্গাইল।
- ৪। ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিহাতি, টাঙ্গাইল। তাঁকে দায়িত্ব প্রাপ্ত সকল ইউনিয়নের ভাতাভোগীদের লাইফ ভেরিফিকেশন সম্পন্ন করার অনুরোধসহ।
- ৫। অফিস কপি।

(মোঃ জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার  
কালিহাতি, টাঙ্গাইল।